দৈনিক ইনকিলাব

তারিখ 27 MAY 2003
পৃষ্ঠা ... কলাম ...

# এবার পরীক্ষার্থী কমেছে পৌনে এক লাখ

সালাহউদ্দীন বাবলু : আগামী বৃহস্পতিবার থেকে অনুষ্ঠেয় এবারের এইচএসসি ও মাদ্রাসা বোর্ডের আলীম, ফাযিল, কামিল পরীক্ষায় গত বছরের তুলনায় প্রায় পৌনে এক লাখ পরীক্ষার্থী কমে গেছে। পাবলিক পরীক্ষার ইতিহাসে গত মার্চে অনুষ্ঠিত ২০০৩ সালের

**বৃহস্পতিবার থেকে এইচএসসি ও আলীম ফাযিল কামিল পরীক্ষা শুরু**

এসএসসি ও দাখিল পরীক্ষায় প্রায় ১ লাখ পরীক্ষার্থী কমার ধারাবাহিকতায় এবার এইচএসসি ও আলীম, ফাযিল, কামিল পরীক্ষায়ও পৌনে এক লাখ পরীক্ষার্থী কমে যাওয়া এক বিরল ঘটনা। এ যাবতকাল যেখানে প্রতিবছরই

২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

# এবার পরীক্ষার্থী কমেছে পৌনে এক লাখ

প্রথম পৃষ্ঠার পর

পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে সেখানে এবারই প্রথম এ দুটি গুরুত্বপূর্ণ পাবলিক পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা হ্রাস পেয়েছে।

শিক্ষাবোর্ড সূত্রে জানা গেছে, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর নকলরোধে ব্যাপক কড়াকড়ি পদক্ষেপ নিয়ে নকল প্রায় বন্ধ করে ফেলায় নকলবাজ পরীক্ষার্থীরা এবার আগেভাগেই রণেভঙ্গ দিয়ে পরীক্ষার ফরম পূরণে আর উৎসাহী হয়নি। যে কারণে পরীক্ষার্থীর সংখ্যা এভাবে হ্রাস পেয়েছে। তাছাড়া, স্কুল, কলেজ ও মাদ্রাসাগুলোতে টেস্ট পরীক্ষায় কড়াকড়ির নিয়ম এবং টেস্টে ফেল করা ছাত্রছাত্রীদের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত রাখার ধারা আবার ফিরে আসতে শুরু করেছে। এর ফলে অতিরিক্ত অর্থের বিনিময়ে নকলের সুযোগ দিয়ে পাস করানোর প্রতিশ্রুতির মাধ্যমে ভুয়া পরীক্ষার্থীদের কেন্দ্রে পাঠানো এবং কতিপয় দুর্নীতিবাজ প্রতিষ্ঠান প্রধানের অবৈধ অর্থ রোজগারের পথও বন্ধ হয়ে পাবলিক পরীক্ষায় নিয়মতান্ত্রিকতা ফিরে আসতে শুরু করেছে। উল্লেখ্য, আগামী ২৯ মে থেকে অনুষ্ঠেয় ২০০৩ সালের এইচএসসি পরীক্ষায় ঢাকা... হাজার ৫৫৯ জন পরীক্ষার্থী, বরিশাল বোর্ডে ৩২ হাজার ৯৪৭ জন পরীক্ষার্থী এবং সিলেট বোর্ডে ১৬ হাজার ৪৫৫ জন পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নেবে। অপরদিকে মাদ্রাসা বোর্ডের আলীম পরীক্ষায় এবার অংশ নেবে ৬৩ হাজার ৩৩০ জন পরীক্ষার্থী এবং ফাযিল পরীক্ষায় ২১ হাজার ৬১৩ জন ও কামিল পরীক্ষায় ৭ হাজার ৫৬১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। গতবছর অনুষ্ঠিত আলীম, ফাযিল ও কামিল পরীক্ষায় এই পরীক্ষার্থীর সংখ্যা ছিল যথাক্রমে ৬৭ হাজার ২৪৫ জন, ২৫ হাজার ৫৪০ জন এবং ৯ হাজার ৪৮০ জন। গতবছরের তুলনায় এবার আলীম, ফাযিল ও কামিল পরীক্ষায় মোট প্রায় ১০ হাজার পরীক্ষার্থী হ্রাস পেয়েছে।

এদিকে কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি ব্যবসা ব্যবস্থাপনা বিষয়ে এবার ৩৮ হাজার ৩৫২ জন পরীক্ষার্থী এবং এইচএসসি ভোকেশনাল পরীক্ষায় ৯৬৯ জন পরীক্ষার্থী অংশ নেবে। এছাড়া ঢাকা বোর্ডের অধীনে সারাদেশের ডিপ্লোমা-ইন-কমার্স (এইচএসসি সমমানের) পরীক্ষার্থীর সংখ্যাও প্রায় ৩০ হাজার। কারিগরি শিক্ষা বোর্ড ও ঢাকা বোর্ডের অধীনে এই ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা গতবছরের তুলনায় বরং কিছুটা বেড়েছে।

এবছর ৭টি শিক্ষা বোর্ডের এইচএসসি, মাদ্রাসা বোর্ডের আলীম, ফাযিল, কামিল, কারিগরি বোর্ডের এইচএসসি ব্যবসা ব্যবস্থাপনা ও ভোকেশনাল এবং ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় সর্বমোট ১৬শ' কেন্দ্রের মধ্যে দেড় শতাধিক কেন্দ্রকে অতি নকলপ্রবণ ও ঝুঁকিপূর্ণ কেন্দ্র হিসেবে চিহ্নিত করা হয়েছে। এসব কেন্দ্রে নকল প্রতিরোধে ক্লোজ সার্কিট ক্যামেরা বা ভিডিও ক্যামেরাসহ অতিরিক্ত পুলিশ-ম্যাজিস্ট্রেট মোতায়েন ও শিক্ষা বোর্ডগুলো থেকে সার্বক্ষণিক ভিজিল্যান্স টীমের পাহারার ব্যবস্থা করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে, এবারের এইচএসসি ও আলিম-ফাযিল-কামিল পরীক্ষাকে সম্পূর্ণ নকলমুক্ত করার জন্য বিগত এসএসসি ও দাখিল পরীক্ষার চেয়েও আরো বেশী কড়াকড়ি এবং অধিক শাস্তির ব্যবস্থা করা হবে।